



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা

তারিখ: ১৫/১১/১২  
১০/১১/১২  
১-১২/১২

স্মারক নং- ৪৬.০১৭.০১৮.০০.০০.০১১.২০১১-৫৬৮

তারিখ: ২৩.০৯.২০১২ইং।

বিষয়ঃ- স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন কমিউনিটি ক্লিনিক কার্যক্রমে স্থানীয় সরকার প্রতিনিধিদের  
সম্পৃক্তকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৫ মার্চ, ২০১২ খ্রিঃ তারিখের ১২৬  
নম্বর স্মারকের ছায়াছবি এতদসংগে সংযুক্ত করা হলো। পত্রের মর্মানুযায়ী কমিউনিটি ক্লিনিকের সেবা কার্যক্রম  
জোরদার করার প্রয়োজনে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যদের কমিউনিটি গ্রুপ ও কমিউনিটি সাপোর্ট  
গ্রুপ এর মাধ্যমে কমিউনিটি ক্লিনিক কার্যক্রমে নিবিড়ভাবে সম্পৃক্ত হওয়া, ইউনিয়ন পরিষদের সভায়  
কমিউনিটি ক্লিনিকের কার্যক্রম পর্যালোচনার বিষয় অন্তর্ভুক্তকরণসহ সার্বিক সহযোগিতা প্রদানের প্রয়োজনীয়  
ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে।

(মোহাঃ কামরুন্নাহার)  
উপ- সচিব  
ফোন: ৭১৬৭১৪৫।

(স্বাক্ষর)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

তারিখ: ১৪.১১.২০১২।

স্মারক নং-০৫.৫২১.০১৮.০০.০০.০১২.২০১২. ১০৮  
অনুলিপি অবগতি ও উপরোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন কমিউনিটি ক্লিনিক  
কার্যক্রমে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সদস্যগণ নিবিড়ভাবে সম্পৃক্ত হওয়াসহ ইউনিয়ন পরিষদের সভায় কমিউনিটি  
ক্লিনিকের কার্যক্রম পর্যালোচনার বিষয় এজেন্ডাভুক্ত করে সেবা কার্যক্রম জোরদার করার লক্ষ্যে সার্বিক সহযোগিতা প্রদান  
করা হচ্ছে কিনা সে বিষয়ে জানানোর জন্য পুনরায় অনুরোধ করা হলো।

(এস এম নজরুল ইসলাম)  
উপজেলা নির্বাহী অফিসার  
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।

- ১। চেয়ারম্যান -----ইউপি (সকল)  
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।
- ২। উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা, সদর, লক্ষ্মীপুর।  
লক্ষ্মীপুর সদর, লক্ষ্মীপুর।